



ম্যালেরিয়া ফাউন্ডেশন

ইন্টারন্যাশনাল

বিশ্বের মানবের সঙ্গে সেতু বন্ধন

আমাদের লক্ষ্য ম্যালেরিয়া যেসব স্বাস্থ্য, আর্থিক এবং সামাজিক সমস্যা তৈরী করে সেগুলির সমাধান তৈরী ও কার্যকরী করার জন্য সাহায্য করা।



নেতৃত্ব গঠন

ম্যালেরিয়া বিরুদ্ধে লড়াইয়ে যে কৌশল ব্যবহৃত হবে সেগুলির বিষয়ে আলোচনা, মতামত আদানপ্রদান ও বিতর্কের পরিবেশ তৈরী করতে MFI বিশ্ব নেতৃত্ব ও অংশীদার গঠন করে। এই কাজে আমাদের নেটওয়ার্কের মধ্যে রয়েছে ছাত্র-ছাত্রীগণ, শিক্ষক-শিক্ষিকাগণ, বৈজ্ঞানিকগণ, ব্যবসা ও গোষ্ঠীর নেতৃস্থানীয়গণ।



গোষ্ঠীদের প্রশিক্ষণ

MFI গোষ্ঠীর নেতৃস্থানীয়গণ ও শিশু-কিশোরদের মধ্যে প্রশিক্ষণ ও পরামর্শদানের কাজ করে থাকে। যে যে স্থানে ম্যালেরিয়ার প্রাদুর্ভাব সবচেয়ে বেশি সেই সেই স্থানে আমাদের কার্যক্রম গোষ্ঠীদের জন্য বিশেষ সম্পর্ক ও সুযোগ তৈরী করে থাকে। একই সঙ্গে, যে সব দেশে ম্যালেরিয়া নেই, সেই সব দেশের শিশু-কিশোরদের এই রোগের ধ্বংস করার ক্ষমতা সম্বন্ধে অবহিত করা হয়।



ম্যালেরিয়া সম্বন্ধে সচেতনতা

ম্যালেরিয়ার বিরুদ্ধে লড়াইয়ের জন্য এক বিশ্বব্যাপী প্রচেষ্টার প্রয়োজন, সেই বিষয়ে MFI বিশ্বের দৃষ্টি আকর্ষণ করে চলেছে 1992 সাল থেকে। এই বিষয়ে আমাদের সবচেয়ে উল্লেখযোগ্য কৃতিত্ব: ম্যালেরিয়া সম্বন্ধে প্রথম পূর্ণাঙ্গ ওয়াবসাইট তৈরী, প্রথম ম্যালেরিয়া সচেতনতা প্রেস কিট তৈরী, ম্যালেরিয়া জীবানু রোধে DDT-র নিয়ন্ত্রিত ব্যবহারের বিষয়ে পরামর্শদান, এবং চিকিৎসার জন্য আর্টেমিসিটিন-আধারিত কম্বিনেশন থেরাপি (ACT)-টিকে বিশ্বব্যাপী ব্যবহারের জন্য জোর দেওয়া।



গবেষণা পরামর্শদান

যদিও ম্যালেরিয়া প্রতিরোধ করা যায় ও তার চিকিৎসা সম্ভব তবুও MFI-এর বৈজ্ঞানিকগণ পরামর্শা দিচ্ছেন নতুন ও আরো বেশি কার্যকরী ওষুধ এবং একটি প্রতিষেধক টিকা আবিষ্কার করতে।



আমরা কে?

ডঃ মেরি আর. গালিনস্কি 1992 সালে ম্যালেরিয়া ফাউন্ডেশন ইন্টারন্যাশনাল (MFI)-এর স্থাপনা করেছিলেন। ম্যালেরিয়া গবেষকদের ও বিভিন্ন পেশায় থাকা বিশেষজ্ঞদের অঙ্গীকার এবং অধ্যবসায়কে পাথেয় করে একটি বেসরকারী আন্তর্জাতিক সংস্থা তৈরী করা হয়েছে যারা কার্যকরীভাবে ম্যালেরিয়া প্রতিরোধ, চিকিৎসা ও নিয়ন্ত্রণের বিষয়ে উৎসর্গীকৃত। এই লক্ষ্যে কাজ করার জন্য যেসব বিভিন্ন ব্যক্তিবর্গ ও দলেরা MFI-এর সঙ্গে যোগ দিয়েছে তাদের সঙ্গে একযোগে এই সংস্থা কাজ করে চলেছে।

সাম্প্রতিক বিশ্বব্যাপী উদ্যোগগুলি



ম্যালেরিয়া রোধ করুন – রু রিবন ক্যাম্পেন। অ্যাটলান্টায় 2006 সালে আমেরিকান সোসাইটি অফ ট্রপিকাল মেডিসিন অ্যান্ড হাইজিন-এর বার্ষিক সভায় এই ক্যাম্পেনটি শুরু হয়েছিল। এই “ম্যালেরিয়া রোধ করুন – রু রিবন ক্যাম্পেন”-টি এখন ম্যালেরিয়ার বিরুদ্ধে লড়াইয়ে বিশ্বের অঙ্গীকার ও অধ্যবসায়ের তুণমূল স্বরের প্রতীক হয়ে দাঁড়িয়েছে।



ম্যালেরিয়ার বিরুদ্ধে ছাত্র নেতারা। SLAM একটি এমন কার্যক্রম যা ছাত্র-ছাত্রীদের যুক্ত করে ম্যালেরিয়া সম্বন্ধে বুঝতে ও তার বিরুদ্ধে লড়াই করতে। 2005 সাল থেকে, SLAM পাইলট প্রজেক্ট তৈরী করেছে মার্কিন যুক্তরাষ্ট্র, আফ্রিকা ও এশিয়ায়।



জেই কোয়ান দো মার্শাল আর্ট ইন্টারন্যাশনাল। ম্যালেরিয়ার বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করতে MFI-এর সঙ্গে CKD যোগদান করেছে। মার্কিন যুক্তরাষ্ট্রে ও যুক্তরাজ্যে CKD-র প্রশিক্ষকেরা ও ছাত্ররা ম্যালেরিয়া সচেতনতা, প্রশিক্ষণ ও আর্থিক উন্নয়ন সম্বন্ধে পরামর্শদাতা রূপে কাজ করবেন।



ম্যালেরিয়া বিজনেস লিডারশিপ কনফারেন্স, একত্রিত করে ম্যালেরিয়া বিষয়ে বিশেষজ্ঞ এবং ব্যবসা ও গোষ্ঠীর নেতৃস্থানীয়দের, যাতে তারা ম্যালেরিয়া সম্বন্ধে বাস্তব তথ্য এবং কীভাবে বিভিন্ন ধরনের মানুষেরা এক সঙ্গে কাজ করে এই অসুখটির প্রতিরোধ করবেন সেই বিষয়ে জানতে পারেন।



ম্যালেরিয়া পুরস্কার সমারোহ। এটি শুরু হয়েছে 2006 থেকে। এই পুরস্কার সমারোহটি ম্যালেরিয়ার বিরুদ্ধে লড়াইয়ে বহু নেতৃস্থানীয় ও অকথিত নামকদের স্বীকৃতি দান করে যাদের মধ্যে অন্তর্ভুক্ত আছেন – শিক্ষক-শিক্ষিকা, ছাত্র-ছাত্রী, বৈজ্ঞানিকগণ, সাংবাদিকগণ, নেতৃস্থানীয় ব্যবসায়ী, বিখ্যাত ব্যক্তিগণ এবং রাজনৈতিক নেতৃবৃন্দ।

MFI-এর সাম্প্রতিক কার্যক্রম সম্বন্ধে বিস্তারিত তথ্যের জন্য, অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট www.malaria.org দেখুন অথবা আমাদের সঙ্গে যোগাযোগ করুন এই ইমেল ঠিকানায় MFI@malaria.org

অনুবাদটি www.worldvoicecenter.com -এর পক্ষ থেকে করা হয়েছে

জুন 2009